

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
ঘাটাইল,টাঙ্গাইল  
www.ghatail.tangail.gov.bd

তাগিদপত্র

স্মারক নং: ০৫.৩০.৯৩২৮.০০০.০৫.০০২.১৯-

তারিখ : ১০ আশ্বিন ১৪২৬  
২৫ সেপ্টেম্বর ২০১৯

বিষয়ঃ জাতীয় তথ্য বাতায়নের অধীনে বাস্তবায়িত মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসসমূহের তথ্য বাতায়ন অধিকতর উন্নয়ন ও হালনাগাদকরণ।

সূত্রঃ (ক) ০৫.৩০.৯৩২৮.০০০০.০৫.০০২.১৯-৩১০ ০৪ এপ্রিল ২০১৯  
(খ) ০৪.০০.০০০০.৮৩৩.৩৬.০০১.১৮.১৩০ ০৪ জুলাই ২০১৯  
(গ) ০৫.৩০.৯৩০০.০২৫.০৪.০১৬.১৯.৩৮ ১৮ আগস্ট ২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমান সরকার তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিতকল্পে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় বিশ্বের সবচেয়ে তথ্যসমৃদ্ধ জাতীয় তথ্য বাতায়ন ([www.bangladesh.gov.bd](http://www.bangladesh.gov.bd)) তৈরি করা হয়েছে। সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর ১৫(৫) নির্দেশনার আলোকে একটি সমন্বিত প্ল্যাটফর্মে জাতীয় তথ্য বাতায়নে সকল মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের সকল অফিসের জন্যে তথ্য বাতায়ন তৈরি করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ কড়ক জাতীয় তথ্য বাতায়নের আওতায় মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের বাতায়ন তদারকি করা হয়।


ঘাটাইল উপজেলারও একটি তথ্য বাতায়ন এবং বিভিন্ন দপ্তরের মাঠ পর্যায়ের তথ্য বাতায়ন রয়েছে। উক্ত তথ্য বাতায়নগুলোর বিভিন্ন দপ্তরের তথ্য সন্নিবেশিত আছে কিন্তু তা পর্যাপ্ত নয়। উপরন্তু তথ্য বাতায়নের তথ্যের নিয়মিত হালনাগাদকরণ করা হচ্ছে না। ফলে সেবা গ্রহীতারা বাতায়নের মাধ্যমে কাঙ্ক্ষিত সেবাপ্রাপ্তি থেকে বঞ্চিত হচ্ছেন। উপজেলা তথ্য বাতায়ন হালনাগাদকরণের জন্য ঘাটাইল পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদ এবং সরকারি সকল দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের তথ্যসহ অন্যান্য তথ্যাদি সংযুক্ত ছক মোতাবেক পূরণপূর্বক পত্র প্রাপ্তির ০৭(সাত) এবং পরবর্তীতে তাগিদপত্রে ০৩(তিন) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়েছিল। এছাড়াও উপজেলা তথ্য বাতায়নে বিভিন্ন তথ্যাদি সন্নিবেশ ও হালনাগাদকরণের নিমিত্ত একজন কর্মকর্তা/কর্মচারীর নাম পত্র প্রাপ্তির ০৭(সাত) ও পরবর্তীতে তাগিদপত্রে ০৩(তিন) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্যে বিশেষভাবে অনুরোধ করা হয়েছিল। কিন্তু অদ্যাবধি আপনার দপ্তরের পরিপূর্ণ তথ্য পাওয়া যায়নি।

এমতাবস্থায় সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থার নিজ তথ্য বাতায়নের তথ্যাদি হালনাগাদকরণ শতভাগ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং আপনার দপ্তরের তথ্য হালনাগাদকরণের নিমিত্ত একজন কর্মকর্তা/কর্মচারীর নাম পূরণপূর্বক পত্র প্রাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী

সংযুক্তিঃ (১) তথ্য ছক।

বিতরণঃ

  
২৫.০৯.১৯  
মোহাম্মদ কামরুল ইসলাম  
উপজেলা নির্বাহী অফিসার  
ঘাটাইল,টাঙ্গাইল।  
ফোনঃ ০৯২২৫-৫৬০০১

Email: unoghatail@mopa.gov.bd

১। .....

..... ঘাটাইল,টাঙ্গাইল

অনুলিপি(সদয় জ্ঞাতার্থে):

- ১। জেলা প্রশাসক, টাঙ্গাইল
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), টাঙ্গাইল
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঘাটাইল, টাঙ্গাইল

উপজেলা অফিস নামঃ

ছবি

বিষয়	তথ্য
নাম (বাংলা) :	
নাম (ইংরেজি):	
পদবি (বাংলা ):	
পদবি ( ইংরেজি ) :	
পরিচিত নং (যদি থাকে) :	
ব্যাচ (বিসিএস)( প্রযোজ্য হলে) :	
ফোন (অফিস) :	
ফোন (বাসা) :	
মোবাইল :	
ইমেইল :	
চাকুরীতে যোগদানের তারিখ :	
বর্তমান কর্মস্থল :	
পূর্বতন কর্মস্থল :	
বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ :	
সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা	
নিজ জেলা :	
বর্তমান ঠিকানা :	
স্থায়ী ঠিকানা :	